# বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ

## ০১ জানুয়ারি ২০১৭ হতে ৩০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত বাস্তবায়িত উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিবেদন

| ক্রমিক | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ০১ | ভিক্ষুক জরিপ ও ভিক্ষুকমুক্তকরণ তহবিল গঠন | এ বিভাগের সকল উপজেলায় ভিক্ষুক জরিপ ও পুনর্বাসন তহবিল গঠন করা হয়েছে। এ তহবিলে সরকারি কর্মচারীদের ০১ দিনের বেতন হিসেবে ৪৩,৫৩,৬৫৫/- (তেতাল্লিশ লক্ষ তেপ্পান্ন হাজার ছয়শত পঞ্চান্ন) টাকা জমা হয়েছে। এ পর্যন্ত ৪৪০ জন ভিক্ষুককে পুনর্বাসিত করা হয়েছে। |
| ০২ | টিফিন বক্স বিতরণ/মিড ডে মিল চালু | মানসম্মত শিক্ষা নিশ্চিত এবং ঝরে পড়া রোধকল্পে এ বিভাগের মোট ২৭টি উপজেলায় ২,২১৮টি বিদ্যালয়ে ৩,৬২,১১৪ টি টিফিন বক্স বিতরণ করা হয়েছে। ১০৯টি বিদ্যালয়ে মিড ডে মিল চালু আছে। |
| ০৩ | সকল অফিস ও অফিস আঙিনা পরিষ্কার পরিচ্ছন্নকরণ ও সৌন্দর্যবর্ধণ। | অধিকাংশ অফিস ও অফিস আঙিনা পরিষ্কার পরিচ্ছন্নকরণ ও সৌন্দর্যবর্ধণ করা হয়েছে। |
| ০৪ | সেবাপ্রার্থীদের জন্য অপেক্ষাগার নির্মাণ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে সেবাপ্রার্থীদের জন্য অপেক্ষাগার নির্মাণ করা হয়েছে। |
| ০৫ | অপেক্ষমান সেবা প্রার্থীদের জন্য বিশুদ্ধ পানির ব্যবস্থাকরণ | সকল জেলা ও উপজেলা অফিসে আগত সেবা গ্রহীতাদের জন্য বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করা হয়েছে। |
| ০৬ | শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণে ব্যবস্থা গ্রহণ | শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে বিভিন্ন পরীক্ষায় (৫০% এর কম নম্বরধারী শিক্ষার্থীদের মান উন্নয়নে বিশেষ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। |
| ০৭ | জঙ্গী, সন্ত্রাস ও মাদক বিরোধী সভা সমাবেশ আয়োজন। | সন্ত্রাস ও জঙ্গিবাদ নিরসনে জেলা পর্যায়ে ০৯ টি, উপজেলা পর্যায়ে ১০৫ টি, পৌরসভা পর্যায়ে ৭৫ টি এবং ইউনিয়ন পর্যায়ে ৭৬৫ টি কমিটি করা হয়েছে। সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সকল শ্রেণি পেশার মানুষকে সম্পৃক্ত করে সামাজিক আন্দোলন গড়ে তোলা হয়েছে। |
| ০৮ | গৃহহীনদের খাস জমি বন্দোবস্ত প্রদান | এ বিভাগের ১০০১ টি গৃহহীন পরিবারকে খাস জমি বন্দোবস্ত প্রদান করা হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত আছে। |
| ০৯ | উপজেলার সকল দপ্তরের সেবা সহজীকরণের জন্য উদ্ভাবনী উদ্যোগ/উত্তম চর্চা চালুর জন্য সম্মাননা | উদ্ভাবনী ও জনকল্যাণমুখী কাজে আরো উৎসাহিত করার জন্য বিভিন্ন পর্যায়ের ৫ জন কর্মকর্তা, ১ জন স্থানীয় জনপ্রতিনিধি, ১জন সমাজসেবক ও শিক্ষাবিদ এবং ময়মনসিংহের ধোবাউড়া উপজেলার কলসিন্দুর উচ্চ বিদ্যালয় ও কলসিন্দুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১৭জন বালিকা ক্ষুদে ফুটবল খেলোয়াড়দের সম্মাননা প্রদান করা হয়েছে। |
| ১০ | সোশ্যাল মিডিয়ার ব্যবহার ও এর মাধ্যমে জনসেবা নিশ্চিতকরণ | সোশ্যাল মিডিয়ার ব্যবহারে মাধ্যমে প্রাপ্ত সামাজিক সমস্যাসমূহ গুরুত্বসহকারে বিবেচনা করে সমাধানের ব্যবস্থা গ্রহণ অব্যাহত আছে। এ বিভাগের ০৪টি জেলায় সোশ্যাল মিডিয়ার মাধ্যমে ১০৫টি সেবা প্রদান করা হয়েছে। |
| ১১ | দাপ্তরিক কাজে তথ্যপ্রযুক্তির ব্যবহার | দাপ্তরিক কাজে তথ্যপ্রযুক্তির ব্যবহার হচ্ছে। এ বিভাগের সকল দপ্তরে ই-ফাইলিং কার্যক্রম চলছে। |
| ১২ | অধীনস্ত কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | অধীনস্ত কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং হচ্ছে। বিবেচ্য সময়ে ২৩ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। |
| ১৩ | সেবা প্রার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার নির্মাণ/সুন্দর পরিবেশে বসার ব্যবস্থা গ্রহণ | জেলা ও উপজেলা পর্যায়ে সকল অফিসে আগত সেবা গ্রহীতাদের বিভিন্ন যৌক্তিক কারণে দীর্ঘসময় অপেক্ষা করতে হয়। সেবা গ্রহীতাদের সুন্দর পরিবেশে বসার জন্য টয়লেটসহ অপেক্ষাগার নির্মাণ করা হয়েছে। অপেক্ষাগারে ফ্যানের ব্যবস্থা করা হয়েছে। |

২৪/৮/১৭

| | | |
|---|---|---|
| ১৪ | জেলা ও উপজেলা ভূমি অফিসসমূহে বিভিন্ন হেল্প ডেস্ক/সেবা কক্ষ স্থাপন | সেবা প্রার্থীদের সেবা প্রাপ্তি সহজীকরণের জন্য সকল জেলা ও উপজেলা অফিসে একটি করে হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। হেল্পডেস্ক হতে যে কোনো বিষয়ে পরামর্শ গ্রহণের পাশাপাশি সেবা গ্রহীতাগণ প্রয়োজনীয় ফরম বিনামূল্যে সংগ্রহ করতে পারছেন। |
| ১৫ | ভূমি সংক্রান্ত সকল কর্মকর্তার দাপ্তরিক মোবাইল নম্বর দৃশ্যমান স্থানে প্রদর্শন | উপজেলা ভূমি অফিসে আগত সেবা প্রার্থীগণ যেন কোন ভোগান্তি বা হয়রানির শিকার না হন এ জন্য সকল উপজেলা ভূমি অফিসের কর্মকর্তা/কর্মচারীগণের মোবাইল নম্বর প্রকাশ্য স্থানে টানানো হয়েছে। |
| ১৬ | অভিযোগ বাক্স স্থাপন | সেবা প্রাপ্তির বিষয়ে কোনো ধরনের সমস্যা অথবা ভোগান্তির সম্মুখীন হলে বিভাগীয় কমিশনারের কাযালয়, এ বিভাগের সকল জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়ে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। |
| ১৭ | জেলা ও উপজেলা পর্যায়ের সকল অফিসের কর্মচারীদের কর্মবন্টন প্রকাশ্য স্থানে প্রদর্শন | সকল জেলা ও উপজেলা পর্যায়ের অফিসে আগত সেবা প্রার্থীগণ যেন কোন ভোগান্তি বা হয়রানির শিকার না হন এ জন্য সকল অফিসের কর্মচারীদের কর্মবন্টন প্রকাশ্য স্থানে টানানো হয়েছে। |
| ১৮ | উপজেলা ভূমি অফিসে পৃথক ওয়েবসাইট নির্মাণ | সকল উপজেলা ভূমি অফিসে পৃথক ওয়েবসাইট চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে দুটি উপজেলা ভূমি অফিসের অনুরূপ ওয়েবসাইট চালু আছে। |
| ১৯ | স্যোশাল মিডিয়ার মাধ্যমে সেবা প্রদান | বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি)গণের অফিসিয়াল ফেসবুক পেজ খোলা হয়েছে। উক্ত পেজে জনসাধারণ নির্বিঘ্নে তাদের অভিযোগ ও অভিমত প্রদান করছেন এবং সমাধান পাচ্ছেন। এতে ভূমি ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা নিশ্চিতকরণের সুযোগ তৈরি হয়েছে। |
| ২০ | নামজারি সেবা ও ফি এবং নিয়মাবলী সংক্রান্ত পৃথক ফেস্টুন প্রদর্শন | ভূমি সেবা কার্যক্রম সহজীকরণ এবং সেবা প্রদানে স্বচ্ছতা নিশ্চিত করার জন্য নামজারীর জন্য প্রয়োজনীয় কাগজপত্র বা তথ্যাদির বিবরণ ও সরকার নির্ধারিত ফিস সম্বলিত ব্যানার প্রদর্শন করা হচ্ছে। ফলে সেবা গ্রহীতাগণ সহজেই নামজারীর পদ্ধতি ও এর খরচ সম্পর্কে স্পষ্ট ধারণা পাচ্ছে। |
| ২১ | ভূমি সচেতনতামূলক স্লোগান সম্বলিত ফেস্টুন/ব্যানার প্রদর্শন | ভূমি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে জনগণের সচেতনতা বৃদ্ধির জন্য অফিস প্রাঙ্গণে বিভিন্ন ফেস্টুন এবং ব্যানার টানানো হয়েছে। এসকল ফেস্টুন ও ব্যানার ভূমি অফিসে আগত সেবা গ্রহীতাগণের দৃষ্টিগোচর হচ্ছে এবং এর মাধ্যমে তারা ভূমি সংক্রান্ত বিভিন্ন বিষয়ে প্রাথমিক ধারণা পাচ্ছেন। |
| ২২ | নামজারি, ভূমি বন্দোবস্ত, ক্রয়-বিক্রয় ইত্যাদির তথ্য সম্বলিত ব্যানার প্রদর্শন | উপজেলা ভূমি অফিসে হাটবাজারের চান্দিনা ভিটি বন্দোবস্তের পদ্ধতি, ভিপি 'ক' তফসিলভূক্ত সম্পত্তির লীজ গ্রহণের বিধান এবং জমি ক্রয়ের পূর্বে করণীয়, কৃষি ও অকৃষি খাস জমি বন্দোবস্তের নিয়মাবলি সম্বলিত ব্যানার টানানো হয়েছে। |
| ২৩ | ভ্রাম্যমান ভূমি সেবা কার্যক্রম চালুকরণ | জনগণের দোরগোড়ায় ভূমি সেবা পৌঁছে দেয়ার জন্য সকল উপজেলায় ভ্রাম্যমাণ ভূমি সেবা কার্যক্রম চালু করা হয়েছে। ফলে ভূমি সংক্রান্ত ছোট ছোট সমস্যা তাৎক্ষণিকভাবে সমাধান করা যাচ্ছে। |
| ২৪ | ভূমি শিক্ষা কার্যক্রম (ভূমি শিক্ষালয়) প্রবর্তন | ভূমি বিষয়ে পর্যাপ্ত জ্ঞান না থাকার কারণে জমি হস্তান্তর ও ব্যবস্থাপনার ক্ষেত্রে জনগণকে প্রায়ই বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। এ বিষয়টিকে সামনে রেখে ভূমি বিষয়ক প্রাথমিক ধারণা প্রদানের জন্য সকল উপজেলা ভূমি অফিসের উদ্যোগে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, গ্রোথ সেন্টার, ইউনিয়ন পরিষদে ভূমি শিক্ষা কার্যক্রম চালু করা হয়েছে। |

২৭.৮.১৭

| | | |
|---|---|---|
| ২৫ | রেকর্ডরুমের উন্নয়ন এবং সাল ভিত্তিক সজ্জিতকরণ | আরওআর, নামজারি ও বিবিধ মামলার নথিসমূহ যথাযথভাবে সংরক্ষণের জন্য সকল উপজেলা ভূমি অফিসের রেকর্ডরুম সংস্কার করা হয়েছে এবং সাল ভিত্তিক সজ্জিতকরণ করা হয়েছে। |
| ২৬ | রেকর্ড সংরক্ষণে কালার কোডিং এর ব্যবহার | নামজারি ও বিবিধ মামলার নথিগুলো সালওয়ারি বিন্যস্ত করে কালার কোডিং এর মাধ্যমে উপজেলা ভূমি অফিসের রেকর্ডরুমে সংরক্ষণ করা হয়েছে এবং হচ্ছে। |
| ২৭ | মনিটরিং ড্যাশবোর্ড স্থাপন | নেত্রকোণা জেলার সকল উপজেলা ভূমি অফিসে এপ্লিকেশনভিত্তিক ওয়েবসাইটের মাধ্যমে নামজারি কার্যক্রম অনলাইনে সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলে অনলাইনে সফটওয়্যারের স্বয়ংক্রিয় ড্যাশবোর্ডের মাধ্যমে নামজারি কার্যক্রমের প্রতিটি ধাপ সহজেই মনিটর করা যাবে। অন্যান্য জেলায় উক্ত কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়াধীন। |
| ২৮ | সিসি ক্যামেরা স্থাপন | দালালদের দৌরাত্ম্য বন্ধ ও অফিসের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সকল জেলা প্রশাসকের কার্যালয়, অধিকাংশ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং অধিকাংশ উপজেলা ভূমি অফিসে ক্লোজ সার্কিট ক্যামেরা স্থাপন করা হয়েছে। |
| ২৯ | উপজেলা পরিষদ ভবন ও বাসভবন মেরামত/সংস্কার। | জরাজীর্ণ ভবণসমূহ ইতোমধ্যে মেরামত/সংস্কার করা হয়েছে। |
| ৩০ | উপজেলা পরিষদের গেইট সংস্কার/ নির্মাণ। | উপজেলা পরিষদের গেট সংস্কার/নির্মাণ করা হচ্ছে। |
| ৩১ | সেবা প্রদান প্রতিশ্রুতি/ সিটিজেন চার্টার স্থাপন। | সকল অফিসে দৃশ্যমান স্থানে সিটিজেন চার্টার প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। |
| ৩২ | সামাজিক নিরাপত্তা কর্মসূচিভুক্ত উপকারভোগীদের ভাতা বিতরণ নিশ্চিতকরণ। | সামাজিক নিরাপত্তা কর্মসূচিভুক্ত উপকারভোগীদের ভাতা বিতরণ নিশ্চিতকরা হয়েছে। |
| ৩৩ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে প্রদেয় সেবার তালিকা সম্বলিত বোর্ড/ ব্যানার স্থাপন এবং বর্তমানে প্রদত্ত সেবাসমূহের তালিকা প্রণয়ন। | ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে প্রদেয় সেবার তালিকা সম্বলিত বোর্ড/ ব্যানার স্থাপন এবং বর্তমানে প্রদত্ত সেবাসমূহের তালিকা প্রণয়ন করা হয়েছে। |
| ৩৪ | হতদরিদ্রদের হালনাগাদ তালিকা প্রণয়ন, ভূমিহীনদের হালনাগাদ তলিকা প্রণয়ন | সমাজের হতদরিদ্র ও ভূমিহীনদের হালনাগাদ .তলিকা প্রণয়ন করা হয়েছে। তাদের পুনর্বাসন প্রক্রিয়াও চলমান আছে। |
| ৩৫ | জনপ্রতিনিধি এবং সরকারি কর্মকর্তাগণের সঙ্গে সুসম্পর্ক স্থাপন ও কার্যকর সমন্বয় সাধন | জনপ্রতিনিধি এবং সরকারি র্ককর্তাগণের সঙ্গে সুসম্পর্ক স্থাপন ও কার্যকর সমন্বয় সাধনের মাধ্যমে সরকারের উন্নয়ন এবং জনসেবা নিশ্চিত কার্যক্রম বাস্তবায়ন হচ্ছে। |
| ৩৬ | শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন বিষয়ে কন্টেট তৈরি /মাল্টিমিডিয়া ব্যবহার | শিক্ষা প্রতিষ্ঠানে বিভিন্ন বিষয়ে কন্টেট তৈরি /মাল্টিমিডিয়া ব্যবহার অব্যাহত রয়েছে। |
| ৩৭ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং অগ্রাধিকার প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি এবং অগ্রাধিকার প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে। |
| ৩৮ | বাল্যবিবাহ বিরোধী জনসচেতনতা সৃষ্টি/বাল্যবিবাহ মুক্তকরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ | বাল্যবিবাহ বিরোধী জনসচেতনতা সৃষ্টি/বাল্যবিবাহ মুক্তকরণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ অব্যাহত রয়েছে। |
| ৩৯ | উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ জনবান্ধব করা/জনবান্ধব কার্যক্রম অব্যাহত রাখা | উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ জনবান্ধব করা/জনবান্ধব কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। |
| ৪০ | প্রত্যেক উপজেলায় কমপক্ষে একটি 'শিশু পার্ক' নির্মাণ ও খেলার মাঠ স্থাপন | প্রত্যেক উপজেলায় কমপক্ষে একটি 'শিশু পার্ক' নির্মাণ ও খেলার মাঠ স্থাপন চলমান রয়েছে। |

| | | |
|---|---|---|
| ৪১ | ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে বিশেষ উদ্যোগ গ্রহণ | ইউনিয়ন ও উপজেলা পর্যায়ে জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে বিশেষ উদ্যোগ গ্রহণ চলমান রয়েছে। |
| ৪২ | ক্ষুদ্র নৃ গোষ্ঠীর শিক্ষা ও স্বাস্থ্য সহ আর্থ সামাজিক উন্নয়নের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ | ক্ষুদ্র নৃ গোষ্ঠীর শিক্ষা ও স্বাস্থ্য সহ আর্থ সামাজিক উন্নয়নের জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ অব্যাহত আছে। |
| ৪৩ | স্ব স্ব এলাকার পর্যটন কেন্দ্রগুলোকে পর্যটক বান্ধব করা | এ বিভাগের আওতাধীন পর্যটন কেন্দ্রগুলোকে পর্যটক বান্ধব করার কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ৪৪ | হাওড় এলাকায় শিক্ষা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য বিশেষ উদ্যোগ গ্রহণ | "শিক্ষাতরী'' নামক প্রকল্পের মাধ্যমে হাওড় এলাকায় শিশুদের শিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াতের উদ্যোগ বাস্তবায়নাধীন। |
| ৪৫ | পতিত জমি চাষাবাদের আওতায় আনয়ন, শস্য বহুমূখীকরণ ও শস্য নিবিড়তা বৃদ্ধিতে সহায়তাকরণ | পতিত জমি চাষাবাদে আনয়ন ও কৃষকদের বিভিন্ন ফসল উৎপাদনে উদ্বুদ্ধ করা হয়েছে এবং হচ্ছে। |
| ৪৬ | মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কাজে সহযোতিা প্রদান | মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন কাজে প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে এবং হচ্ছে। |

(মো: মোজাম্মেল হক)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
ময়মনসিংহ বিভাগ
ফোনঃ +৮৮-০৯১-৫৪০৩০(অফিস)
ফ্যাক্সঃ +৮৮০৯১-৬৬৪৪০(অফিস)
ই-মেইল-divcommymensingh@mopa.gov.bd

# বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ
## ২০১৭-১৮ অর্থ-বছরের উদ্ভাবনী কর্মপরিকল্পনাসমূহঃ

১। অফিসে সঠিক আগমন ও প্রস্থান নিয়ন্ত্রণে ডিজিটাল হাজিরা মেশিন স্থাপন।

২। অফিসে নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণে CCTV, Fire Alarm এবং Smoke Detector স্থাপন।

৩। আধুনিক সুযোগ সুবিধা সংবলিত কম্পিউটার ল্যাব স্থাপন। নিজ দপ্তরসহ বিভাগীয়, জেলা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান।

৪। এ বিভাগের সকল প্রাথমিক বিদ্যালয়ে টিফিন বক্স বিতরণ/মিড ডে মিল চালু করা।

৫। জনবান্ধব উপজেলা ভূমি অফিস বিনির্মাণের জন্য গৃহীত ২৪ টি উদ্যোগ অধিকাংশ বাস্তবায়িত হয়েছে। এরই ধারাবাহিকতায় এক চতুর্থাংশ ইউনিয়ন ভূমি অফিসে উক্ত উদ্যোগসমূহ বাস্তবায়ন করা।

৬। ৩০ জুন ২০১৮ সালের মধ্যে এ বিভাগের অর্ধেক সংখ্যক উপজেলাকে বাল্যবিবাহ মুক্ত ঘোষণা করা।

৭। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আগামী ডিসেম্বর ২০১৮ সালের মধ্যে পর্যায়ক্রমে এ বিভাগের সকল ভিক্ষুককে পুনর্বাসন করে এ বিভাগকে ভিক্ষুকমুক্ত ঘোষণা করা। জুন ২০১৮ এর মধ্যে অর্ধেক উপজেলাকে ভিক্ষুকমুক্ত করা।

৮। উপজেলার অফিসসমূহকে জনবান্ধব করা।

৯। সেবা প্রার্থীদের সুবিধার্থে ফ্রন্ট ডেস্ক/হেল্প ডেস্ক এবং অপেক্ষাগার নির্মাণ করা।

১০। স্বচ্ছ অভিযোগ বাক্স স্থাপন এবং সেবা প্রদান শেষে সেবা গ্রহীতাকে একটি মূল্যায়ন ফরম প্রদান। যেখানে ঐ সেবা গ্রহীতা সেবা প্রাপ্তির পর "সন্তুষ্ট" (সবুজ) "মোটামুটি সন্তুষ্ট" (হলুদ) "সন্তুষ্ট নয়" (লাল) মূল্যায়ণ ব্যবস্থা চালু করা।

১১। ইউনিয়ন ডিজিটাল সেন্টার/পৌর ডিজিটাল সেন্টার সমূহে নিম্নোক্ত সেবাগুলো যুক্ত করা –

ক) কম্পিউটার প্রশিক্ষণ।

খ) অন লাইনে passport এর জন্য আবেদন ফরম পূরণ।

গ) ইউটিলিটি বিল পরিশোধ

ঘ) পর্চার আবেদন গ্রহণ ও সরবরাহ।

২৪/৫/১৭

(মোঃ মোজাম্মেল হক)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
ময়মনসিংহ বিভাগ
ফোনঃ +৮৮-০৯১-৫৪০৩০(অফিস)
ফ্যাক্সঃ +৮৮০৯১-৬৬৪৪০(অফিস)
ই-মেইল-divcommymensingh@mopa.gov.bd